

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৯৪]

- ৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)
- পরিচ্ছেদঃ মহিলাদের হায়েয দেখা দিলে তার হুকুম

باب الأَمْرِ بِالنُّفَسَاءِ إِذَا نُفِسْنَ

আরবী

الله عَنْ عَائِشَةَ رَضِيَ الله عَنْهَا قَالَتْ: خَرَجْنَا لا نَرَى إِلا الْحَجَّ، فَلَمَّا كُنَّا بِسَرِفِ حِضْتُ، فَدَخَلَ عَلَيَّ رَسُولُ اللَّهِ وَأَنَا أَبْكِي، قَالَ مَا لَكِ أَنُفِسْتِ؟ قُلْتُ: نَعَمْ، قَالَ إِنَّ هَذَا أَمْرٌ كَتَبَهُ اللَّهُ عَلَى بَنَاتِ آدَمَ فَاقْضِي مَا يَقْضِي الْحَاجُّ، غَيْرَ أَنْ لا تَطُوفِي بِالْبَيْتِ. قَالَتْ: وَضَحَى رَسُولُ اللَّهِ عَنْ نِسَائِهِ بِالْبَقَر. (بخارى: اللَّهُ

বাংলা

২০১) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ বিদায় হজ্জের সময় আমরা কেবল হজ্জের উদ্দেশ্যে বের হলাম। আমরা যখন সার্ফ নামক স্থানে উপস্থিত হলাম, তখন আমার হায়েয (মাসিক রক্তপ্রাব) শুরু হয়ে গেল। সে সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার নিকট প্রবেশ করে দেখলেন যে, আমি কাঁদছি। আমার কায়া দেখে তিনি বললেনঃ তোমার কি হয়েছে? হায়েয দেখা দিয়েছে কি? আয়েশা (রাঃ) বলেনঃ আমি বললামঃ হাাঁ। তিনি বললেনঃ এটি এমন একটি বিষয় যা আল্লাহ তাআলা বনী আদমের সকল মেয়ের উপর অবধারিত করে দিয়েছেন। সুতরাং হাজীগণ যা করে তুমিও তা কর। তবে কাবা ঘরের তাওয়াফ থেকে বিরত থাকবে। আয়েশা (রাঃ) বলেনঃ সে হজ্জে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার স্ত্রীদের পক্ষ হতে গরু কুরবানী করেছেন।

English

Menses (a thing) ordained (by Allah and instructions) for women when they get their menses

`Aisha said, "We set out with the sole intention of performing Hajj and when we reached Sarif, (a place six miles from Mecca) I got my menses. Allah's Messenger () came to me while I was weeping. He said 'What is the matter with you? Have you got your menses?' I replied, 'Yes.' He said, 'This is a thing which Allah has ordained for the daughters of Adam. So do what all the pilgrims do with the exception of the Tawaf (Circumambulation) round the Ka`ba." `Aisha added, "Allah's Messenger () sacrificed cows on behalf of



his wives."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন